ইত্তেফাক

তারিখ ৬/২/৮১
পৃষ্ঠা ২ কলাম ৭

042

# শুভাঢ্যা খাল খননের আবেদন

আমরা ঢাকা জেলার কেরানীগঞ্জ থানাধীন শুভাঢ্যা ইউনিয়নের বাসিন্দা। শুভাঢ্যা খালের অগভীরতার জন্য দীর্ঘদিন যাবৎ আমরা খুব অসুবিধা ভোগ করিতেছি। পানির স্বল্পতার জন্য এই এলাকার কৃষি জমিতে পানি সেচ সম্ভব হইতেছে না। ফলে ইরি-বোরো ও রবিশস্যের চাষাবাদ ব্যাহত হইতেছে। পূর্বের ন্যায় ফরিদপুর ও বিক্রমপুরের ব্যবসায়ীদের পক্ষে এই পথে যাতায়াত করা সম্ভব হইতেছে না। শুভাঢ্যা খালটি বুড়ীগঙ্গা ও ধলেশ্বরী নদীর সাথেও যোগাযোগ রক্ষা করিত। জরুরী ভিত্তিতে খাল খনন করা একান্ত প্রয়োজন। তাহা না হইলে এই এলাকায় ভবিষ্যতে পানির অভাবে চাষাবাদ করাও অসম্ভব হইয়া দাঁড়াইবে। দুই বৎসর পূর্বে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীতে খালটি খনন করা হয়। কিন্তু এমনভাবে, খালটি খনন করা হইয়াছে যে, এক বৎসর যাইতে না যাইতেই খালের মাটি খালে আসিয়া স্থানলাভ করে। উল্লিখিত খালটি পুনঃখননের ব্যাপারে আশু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

মীর লুৎফর রহমান, শুভাঢ্যা উত্তরপাড়া, কেরানীগঞ্জ, ঢাকা।